

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজ,
১ম আদালত, রংপুর।

স্মারক নং - অতি-১ম/ রংপুর/নিয়োগ/০৭/২০২৫

তারিখ: ২৩ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

নোটিশ

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা ও দায়রা জজ আদালত, রংপুর এর বিভিন্ন পর্যায়ের মোট ০৭ টি পদে সহায়ক কর্মচারী নিয়োগের নিমিত্তে বিগত ০২/০১/২০২৫ খ্রিঃ তারিখে 'দৈনিক যুগান্তর' এবং 'দৈনিক আমাদের প্রতিদিন' পত্রিকায় একটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করে নিয়োগ প্রত্যাশী আবেদনকারীগণকে হিসাব কোড নং ০১-২১৪১-০০০০-২০৩১ এর মাধ্যমে পরীক্ষার ফি চালানমূলে প্রদান করার নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু ইতোমধ্যে কমিটি অবগত হয়েছেন যে, উক্ত হিসাবের কোডে 'এ' চালানের মাধ্যমে কোন পরীক্ষার ফি গ্রহণ না করে উক্ত কোডের পরিবর্তে প্রতিষ্ঠান কোড নং ১২১০৪০২১০৫১৩৪ এবং অর্থনৈতিক কোড ১৪২২৩২৬ এ 'এ' চালানের মাধ্যমে পরীক্ষার ফি গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক শাখা থেকে ইতোমধ্যে তথ্য সংগ্রহ করা হয়েছে। বিধায়, নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক আবেদনকারীগণকে ০১-২১৪১-০০০০-২০৩১ নং হিসাব কোড এর স্থলে প্রতিষ্ঠান কোড নং ১২১০৪০২১০৫১৩৪ এবং অর্থনৈতিক কোড নং ১৪২২৩২৬ এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

অতিরিক্ত জেলা জজ, ১ম আদালত, রংপুর।